দামুড়হুদার চারুলিয়ায় কৃষকের ২ বিঘা জমির ধানে বিষ

দামুড়হুদা উপজেলায় আগাছানাশক (বিষ) প্রয়োগে ২ বিঘা জমির ধান পুড়িয়ে দিয়েছে দূর্বৃত্তরা। নাটুদহ ইউনিয়নের চারুলিয়া গ্রামের আমনঝোলা মাঠে এ ঘটনা ঘটে।

চারুলিয়া গ্রামের নাজিম উদ্দিন (৭০) নামের এক কৃষকের ইরি ধানের ২ বিঘা জমিতে বিষ প্রয়োগ করে দূর্বৃত্তরা।
স্থানীয় সুত্রে জানা গেছে, চারুলিয়া গ্রামের কৃষক নাজিম উদ্দিনের নিজস্ব ২ বিঘা কৃষি জমিতে ইরি ধান রোপণ করে। ইতোমধ্যে পুড়িয়ে দেওয়া ধানের শীষ বের হচ্ছিলো। গতকাল বুধবার দিবাগত রাতে শত্রুতার জেরে আগাছা নাশক ছিটিয়ে ২ বিঘা জমির ধান পুড়িয়ে দিয়েছে বলে অভিযোগ কৃষক নাজিম উদ্দিনের।

তিনি জানান, আজ বৃহস্পতিবার সকালে মাঠ থেকে ঘুরে এসে অন্যান্য কৃষকরা আমাকে জানালে মাঠে গিয়ে দেখি জমির সবগুলো ধান আগাছানাশক বিষক্রিয়ায় পুড়ে গেছে। মনে করেছিলাম এবার হয়তো ভাল লাভবান হবো,কিন্তু দূষ্কৃতিকারীরা আগাছা নাশক বিষ ছিটিয়ে ধান পুড়িয়ে দিয়েছে। এতে আমার প্রায় লক্ষাসধিক টাকার ক্ষতি হয়েছে। এবছর আমার পরিবার নিয়ে অর্ধহারে – অনাহারে দিন কাটাতে হবে, বাড়িতে পরিবারের ছেলে মেয়ে সহ কান্নাকাটি করছে।এই ধানই ছিল আমার শেষ সম্বল, আমি এ ঘটনায় সুষ্ঠ তদন্ত করে প্রশাসনের হস্তক্ষেপ কামনা করছি।

এবিষয়ে দামুড়হুদা উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ মনিরুজ্জামান বলেন, আমি ঘটনাটি শুনেছি,ক্ষতিগ্রস্তের পরিবার আমার অফিসে এসেছিল। বিষয়টি তদন্ত করার জন্য উপ-সহকারী কৃষি কর্মকর্তা নাজমুল ইসলামকে দায়িত্ব দেয়া হয়েছে। আমার সাধ্য অনুযায়ী সরকারের বিভিন্ন প্রনোদনার মাধ্যমে তাকে সার্বিক সহযোগিতা করবো।